দৈনিক বাংলা

তারিখ 09 NOV 1991
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6

8

41

# ফাজিল পাস ছাত্রছাত্রীদের এমএ ক্লাসে ভর্তির সুযোগ দাবী

গত শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এম এ কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি দেয়া হয়। কিন্তু দেখা যায়, সে বিজ্ঞপ্তিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড থেকে ফাজিল বি এ সমমান পরীক্ষায় কৃতকার্যদের ভর্তির কথা উল্লেখ নেই। অথচ তারাও বি এ ক্লাসের সমুদয় পাঠ্য পুস্তক পাঠ করে কৃতকার্য হয়েছে।

বাংলাদেশ আজ স্বৈর শাসন মুক্ত হয়ে গণতন্ত্রের আলোকিত পথে দ্রুত এগিয়ে চলেছে। এ মুহূর্তে জীবনের কোন ক্ষেত্রে এখানে কোন বৈষম্য থাকবে না এটাই দেশ ও জাতির প্রত্যাশা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে এম এ কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি হয়তো কিছুদিনের মধ্যেই পুনরায় দেয়া হবে। এবার যাতে ১৯৮৯ ও ৯০ ইং সনে ফাজিল পাস ছাত্রছাত্রীরা এম এ কোর্সে ভর্তির ন্যায্য অধিকার পেতে পারে সে বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

—মুহাঃ আবু ছায়ীদ ও
কামালউদ্দিন
কামিল চূড়ান্ত বর্ষ
তামিরুল মিল্লাত আলীয়া মাদ্রাসা
মির হাজিরবাগ, ঢাকা।